



রেজিস্ট্রার এর কার্যালয়
একাডেমিক ও স্কলারশিপ শাখা
প্রশাসনিক ভবন
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং- পাবিপ্রবি/একা/৯২/৫৫৬০

তারিখঃ ১৮/০২/২০১৯ ইং

এম.এসসি ইঞ্জিনিয়ারিং/এম.ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এবং ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে এম.এস-সি ইঞ্জিনিয়ারিং/এম. ইঞ্জিনিয়ারিং কোর্সে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে নিম্নেবর্ণিত শর্তে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

১. ভর্তিচ্ছু শিক্ষার্থীদের আবেদনের যোগ্যতা নিম্নরূপ:

- ক) এম.এস-সি ইঞ্জিনিয়ারিং/এম. ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে যে কোন একটিতে জিপিএ ৫.০০ এর মধ্যে ২.৫০ এবং কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ডিসিপ্লিনে বি.এসসি ইঞ্জিনিয়ারিং বা সমমান ডিগ্রীতে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ২.৫০ (অথবা সমমান ডিগ্রী) থাকতে হবে।
- খ) চাকুরীরত প্রার্থীগণ নিয়োগকারী কর্তৃপক্ষের সম্মতিক্রমে খণ্ডকালীন ছাত্র হিসাবে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।
- গ) প্রার্থী ইতোপূর্বে কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে ভর্তির সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ভর্তি বাতিলের সনদপত্র জমা দিতে হবে।

২. আবেদনের সময়সীমা:

- ক) ২৫/০২/২০১৯ থেকে ১০/০৩/২০১৯ খ্রি. তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত।

৩. অন্যান্য তথ্য:

- ক) আবেদনকৃত শিক্ষার্থীদের জনতা ব্যাংক লিমিটেড, পাবিপ্রবি শাখার নির্ধারিত হিসাব নম্বরে আবেদন ফরমের মূল্য দাবদ ৫০০/= টাকা জমা দিয়ে সংশ্লিষ্ট বিভাগ থেকে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিয়ে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।
- খ) দরখাস্তের সাথে সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি ও সকল পরীক্ষা পাসের সনদপত্র, নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

৪. ভর্তি পরীক্ষার তারিখ ও ফলাফল প্রকাশ:

- ক) ভর্তি পরীক্ষা আগামী ১২/০৩/২০১৯ তারিখ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের সকাল ১০.০০ ঘটিকা, ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের বেলা ১২.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

৫. ভর্তি পরীক্ষার স্থান ও আসন সংখ্যা:

- ক) সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের কার্যালয়, পাবিপ্রবি।
- খ) প্রত্যেক বিভাগে আসন সংখ্যা ৪০ টি।

৬. ফলাফল প্রকাশ

- ক) ১৩/০৩/২০১৯ খ্রি. তারিখ ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ফলাফল প্রকাশ করা হবে।

৭. ভর্তি পরীক্ষার ফি সমুহ

- ক) নির্বাচিত প্রার্থীগণ স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ত বলে বিবেচিত হলে আগামী ১৭/০৩/২০১৯ থেকে ১৯/০৩/২০১৯ তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি সমুহ জমাদান পূর্বক ভর্তি হতে পারবে। বিস্তারিত তথ্যের জন্য বিভাগীয় চেয়ারম্যান এর কার্যালয় এবং একাডেমিক ও স্কলারশিপ শাখায় যোগাযোগ করা যেতে পারে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট- www.pust.ac.bd হতে তথ্য জানা যাবে।


(বিজন কুমার ব্রহ্ম)

অতিরিক্ত রেজিস্ট্রার

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়